

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ৪৬

া আরবি মূল আয়াত:

وَ لَئِن مَّسَّتَهُم نَفْحَۃُ مِّن عَذَابِ رَبِّكَ لَيَقُولُنَّ يُويلَنَا إِنَّا كُنَّا ظُلِمِينَ ﴿ ٢٤ ﴾

আর তোমার রবের আযাবের সামান্য কিছুও যদি তাদেরকে স্পর্শ করে, তবে তারা অবশ্যই বলে উঠবে-'হায়, দুর্ভোগ আমাদের! আমরাতো অবশ্যই যালিম ছিলাম'। — আল-বায়ান

তোমার প্রতিপালকের গযবের একটা নিঃশ্বাস যদি তাদের উপর পতিত হয় তবে তারা অবশ্য অবশ্যই বলে উঠবে, 'হায় আমাদের দুর্ভাগ্য! আমরাই তো ছিলাম অপরাধী।' — তাইসিক্রল

তোমার রবের শাস্তির কিছুমাত্রও তাদেরকে স্পর্শ করলে তারা নিশ্চয়ই বলে উঠবেঃ হায়! দুর্ভোগ আমাদের, আমরাতো ছিলাম যালিম! — মুজিবুর রহমান

And if [as much as] a whiff of the punishment of your Lord should touch them, they would surely say, "O woe to us! Indeed, we have been wrongdoers." — Sahih International

৪৬. আর আপনার রব-এর শাস্তির কিছুমাত্রও তাদেরকে স্পর্শ করলে তারা অবশ্যই বলে উঠবে, হায়, দুর্ভোগ আমাদের, আমরা তো ছিলাম যালোম!

তাফসীরে জাকারিয়া

- (৪৬) তোমার প্রতিপালকের শাস্তির কিছু মাত্রও তাদেরকে স্পর্শ করলে তারা নিশ্চয় বলে উঠবে, 'হায় দুর্ভোগ আমাদের! নিশ্চয় আমরা সীমালংঘনকারী ছিলাম।' [1]
 - [1] অর্থাৎ, আযাবের কিছু মাত্রও যদি তাদেরকে স্পর্শ করে, তাহলে তারা বলে উঠবে এবং নিজেদের অন্যায় স্বীকার করবে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2529

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন